# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**06 FEBRUARY 2025** **7:45—7:55 PM IST**

=========================================================

১) সরকার সবকা সাথ সবকা বিকাশ নীতিতে অগ্রসর হচ্ছে---রাষ্ট্রপতির ভাষণের ধন্যবাদসূচক প্রস্তাবের উত্তরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন্তব্য ।

২) ২৫ ও ২৬ ফেব্রুয়ারী অনুষ্ঠেয় এডভান্টেজ আসাম শীর্ষ সম্মেলনের প্রস্তুতি খতিয়ে দেখতে মূখ্যমন্ত্রীর বৈঠক ।

৩) রাজ্যের শিক্ষামন্ত্রী রণোজ পেগুর আজ কাছাড় জেলার বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানে গুণোৎসবের কার্যসূচীতে অংশগ্রহণ ।

এবং

৪) ৩৮ তম জাতীয় ক্রীড়া সমারোহে আজ আসামের ৪ জন বক্সারের প্রতিযোগীতার ফাইনালে প্রবেশ ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন বর্তমান সরকার সবকা সাথ সবকা বিকাশ নীতিতে অগ্রসর হচ্ছে এবং সাধারণ শ্রেণীর আর্থিকভাবে দূর্বল লোকেদের জন্য ১০ শতাংশ সংরক্ষণের সুবিধা প্রদান করছে ।আজ রাজ্যসভায় রাষ্ট্রপতির ভাষণের ধন্যবাদসূচক প্রস্তাবের উত্তরে প্রধানমন্ত্রী এই মন্তব্য করেন । কেন্দ্রীয় সরকার দরিদ্র ও অনগ্রসর শ্রেণীর লোকেদের উন্নয়নের উপর অগ্রাধিকার দিচ্ছে বলে উল্লেখ করে চলতি অর্থ

বছরের বাজেটে চামরা শিল্প , জুতোর ক্ষুদ্র শিল্প সহ বিভিন্ন ক্ষুদ্র শিল্পকে এগিয়ে নিয়ে যাওয়ার উপর গুরুত্ব আরোপ করছে বলে তিনি জানান ।দিব্যাঙ্গ লোকেরা তাদের প্রাপ্য সুবিধা লাভ করছেন বলেও শ্রী মোদী তাঁর ভাষণে উল্লেখ করেন ।তপশিলি জাতি ও জনজাতি লোকেদের কল্যাণের জন্য তাদের জন্য থাকা আইন সমুহকে শক্তিশালী করা সহ বঞ্চিত এবং দলিতদের অধিকার সুরক্ষা করতে সরকার দায়বদ্ধ বলে প্রধানমন্ত্রী জানান ।রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মুর ভাষণ অনুপ্রেরণাদায়ক এবং প্রভাবশালী বলে উল্লেখ করে রাষ্ট্রপতির বক্তব্য দেশের ভবিষ্যৎ গড়ে তোলার ক্ষেত্রে পথ প্রদর্শকের ভূমিকা পালন করবে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন ।

------------------------------------------------------------------------------------

রাজ্যের বিনিয়োগ পরিকাঠামো শক্তিশালী করার লক্ষ্যে আগামী ২৫ ও ২৬ শে ফেব্রুয়ারী অনুষ্ঠেয় এডভান্টেজ আসাম শীর্ষ সম্মেলনের দ্বিতীয় সংস্করণের প্রস্তুতি খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার অধ্যক্ষতায় আজ দিসপুরে এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে ।সম্মেলনের অংশ হিসেবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে আগামী ২৪ শে ফেব্রুয়ারী অনুষ্ঠেয় ঝুমুর বিনন্দিনী শীর্ষক ঝুমুর নৃত্যের সর্ববৃহৎ অনুষ্ঠানের প্রস্তুতি সম্পর্কেও বৈঠকে পর্যালোচনা করা হয় ।মুখ্যমন্ত্রী উভয় অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সব দিক খতিয়ে দেখার ওপর গুরুত্ব আরোপ করেন ।

------------------------------------------------------------------------------------

শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু দুদিন ব্যাপী বরাক উপত্যকা সফরের আজ শেষ দিনে কাছাড় জেলার বেশ কয়েকটি বিদ্যালয়ের গুণোৎসবে অংশগ্রহণ করেন । আজ শিলচর নরসিং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে সকালের প্রার্থনা সভায় যোগদান করেন এবং বিদ্যালয়ের শ্রেণিকক্ষ পরিদর্শন করে শিক্ষার্থীদের সঙ্গে মত বিনিময় করেন এবং শিক্ষার গুণোগত মান উন্নয়নের জন্য প্রয়োজনীয় নির্দেশ প্রদান করেন ।পরে তিনি সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন -------------

বাইট

শিক্ষামন্ত্রী ডাঃ পেগু আজ কলেজরোডের এম এম বালিকা বিদ্যালয়ে উপস্থিত হয়ে ইংরেজী , বাংলা ও হিন্দি ভাষায় শিক্ষার্থীদের দক্ষতা পর্যালোচনা করেন ।বিদ্যালয়টির শিক্ষকদের সঙ্গে আলোচনা করে তিনি ছাত্র-কেন্দ্রীক শিক্ষা ব্যবস্থা ও উদ্ভাবন মূলক শিক্ষা পদ্ধতির ওপর জোর দেন ।এরপর তিনি শ্রীকোণা নবকুমার এম ই স্কুল ,মনমোহন মজুমদার বালিকা বিদ্যালয় , দিগর শ্রীকোণা হাইস্কুল , শালচাপড়া শিক্ষাখন্ডের অন্তর্গত ইদ্রিস আলী আনসারী এম ই স্কুলের গুণোৎসব কার্যসূচী পর্যবেক্ষণ

করেন ।শিক্ষামন্ত্রী শিলচর রাধামাধব কলেজ পরিদর্শন করে ছাত্রছাত্রীদের সঙ্গে মত বিনিময় করেন । তিনি শিলচর পলিটেকনিক প্রতিষ্ঠান পরিদর্শন করে প্রতিষ্ঠানটির পরিকাঠামো ও শিক্ষার মান বিশ্লেষণ করেন এবং প্রযুক্তিগত শিক্ষার সুযোগ সম্প্রসারণের উপর গুরুত্ব আরোপ করেন । শিক্ষামন্ত্রীর সঙ্গে বিধায়ক দীপায়ন চক্রবর্তী , মিহির কান্তি সোম , উত্তর শ্রীভূমির বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

পরীক্ষা পে চর্চার অষ্টম পর্ব আগামী ১০ ফেব্রুয়ারী নতুন দিল্লীর ভারত মন্ডপমে অনুষ্ঠিত হবে । নতুন আঙ্গিকে অনুষ্ঠেয় এই পর্বে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ দেশের বিভিন্ন প্রান্তের নানা পেশার সঙ্গে জড়িত বিশিষ্ট ব্যাক্তিরা নিজেদের অভিজ্ঞতা শিক্ষার্থীদের সঙ্গে বিনিময় করবেন । এই অনুষ্ঠান দূরদর্শন ছাড়াও স্বয়ম ,স্বয়ম প্রভা , প্রধানমন্ত্রীর কার্যালয়ের ইউ টিউব চ্যানেল এবং তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের সামাজিক মাধ্যমে সরাসরি সম্প্রচার করা হবে । চলতি বছরে এই অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য প্রায় তিন কোটি শিক্ষার্থী ,শিক্ষক ও অভিভাবক আবেদন জানিয়েছেন ।এরমধ্যে ৩৬ জন শিক্ষার্থী এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মোদীর সঙ্গে সরাসরি কথা বলতে পারবে । এই অনুষ্ঠানে পরীক্ষার সময় পরীক্ষার্থীদের সম্মুখীন হওয়া মানসিক চাপ দূর করার উপায় সম্পর্কে আলোকপাত করা হয় ।

---------------------------------------------------------------------------------------

উত্তরাখন্ডে চলতি ৩৮ তম জাতীয় ক্রীড়ার আজ দশম দিনে আসামের ৪ জন বক্সার প্রতিযোগীতার ফাইনালে প্রবেশ করেছে ।আসামের তারকা বক্সার শিব থাপা সেমিফাইনালে মহারাস্ট্রের প্রতিদ্বন্দীকে ৫-০ ব্যবধানে পরাজিত করে ফাইনালে প্রবেশ করেন । একইভাবে অভিনব শইকিয়া দিল্লীর প্রতিদ্বন্দীকে ৫-০ ব্যবধানে পরাজিত করে ফাইনালে প্রবেশ করেন । তারকা বক্সার লাভলীনা বরগোঁহাই এবং অংকুশিতা বড়ো উভয়ে নাগপুরের প্রতিদ্বন্দীকে ৫-০ ব্যাবধানে পরাজিত করে ফাইনালে প্রবেশ করেছেন ।

---------------------------------------------------------------------------------------

সীমান্ত সুরক্ষা বাহিনী বি এস এফ ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্তের ৪ হাজার ৯৬ কিলোমিটার এলাকায় অবৈধ নির্মাণ কাজের বিরুদ্ধে কঠোর ব্যাবস্থা গ্রহণ করতে অঞ্চলটিতে নিয়োজিত সেক্টর কমান্ডারদের নির্দেশ দিয়েছে । বাহিনীটি সেই অঞ্চলের বাসিন্দা অথবা প্রতিবেশী রাষ্ট্রের সীমান্ত সুরক্ষা বাহিনীর করা এধরণের নির্মাণের বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যাবস্থা গ্রহণেরও নির্দেশ দিয়েছে । উল্লেখ্য গত বছর সীমান্ত অঞ্চলে

এধরণের ৮০ টি অবৈধ নির্মাণের ঘটনা সামনে এসেছিলো । বাহিনীটির শিলিগুড়িতে থাকা নর্থ বেঙ্গল ফ্রন্টিয়ার সূত্র অনুযায়ী এধরণের নির্মাণ ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়েছে ।

---

আসাম রাজ্য গ্রামীণ জীবিকা মিশনের উদ্যোগে আজ থেকে হাইলাকান্দি টাউন হল প্রাঙ্গনে অসমী ভোগালী মেলা শুরু হয়েছে। তিনদিন ব্যাপী আয়োজিত এই মেলায় জেলার বিভিন্ন আত্মসহায়ক গোষ্ঠি  তাদের তৈরী সামগ্রীর দোকান নিয়ে অংশগ্রহণ করেছে।  এছাড়া বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের ও আয়োজন করা হয়েছে ।আজ মেলার উদ্বোধনী অনুষ্ঠানে হাইলাকান্দি কৃষি বিজ্ঞান কেন্দ্রের দুই প্রবীণ বিজ্ঞানী ডঃ যোগীসারাদ্য এবং ডঃ সৌরভ শর্মা , বিশিষ্ট সাংবাদিক ডঃ শতানন্দ ভট্টাচার্য প্রমুখ আত্মসহায়ক গোষ্ঠির কর্মকর্তাদের সক্রিয় তৎপরতার প্রশংশা করে তাদের তৈরী সামগ্রী অনলাইনে বাজারজাত করার আহ্বান জানান । এর পর মেলা প্রাঙ্গনে ‘জীবিকা সখীদের সাথে লাখপতি দিদি’ শীর্ষক এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয় । আগামীকাল সকাল ১১ টায় পি এম এফ এম ই এবং ব্যক্তিগত ঋণ বিতরণ সভা অনুষ্ঠিত হবে ।অনুরূপভাবে শনিবার দুপুর একটা থেকে সাংস্কৃতিক অনুষ্ঠান ,পুরস্কার বিতরণ এবং সমাপ্তি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

---

শিলচর শহরের ট্রাফিক সমস্যা সমাধানে অবিলম্বে শুরু হবে ইন্টিগ্রেডেড ট্রাফিক ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবস্থা । এজন্য শহরের বিভিন্ন পয়েন্টে লাগানো হবে ইলেকট্রনিক ট্রাফিক সিগনাল এবং সঙ্গে থাকবে সি সি টি ভি ক্যামেরা । বিধায়ক দীপায়ন চক্রবর্তী আজ এই ট্রাফিক সিগনাল ব্যবস্থার সূচনা করেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক শ্রী চক্রবর্তী বলেন যে শিলচর শহরের প্রধান সমস্যা হচ্ছে ট্রাফিক সমস্যা । এই সিগনাল বসলে ট্রাফিক সমস্যার কিছুটা সমাধান হবে বলে বিধায়ক আসা প্রকাশ করেন ।

---

হাইলাকান্দি শিক্ষা মন্ডলের অর্ন্তগত নিমার আলী হাইস্কুলের ১৮ জন নবম শ্রেণীর ছাত্র-ছাত্রীকে আজ বিনামূল্যে সাইকেল প্রদান করা হয়েছে । বিধায়ক জাকির হোসেন লস্কর ছাত্র-ছাত্রীদের হাতে এই সাইকলে তুলে দিয়েছেন । বিদ্যালয়ের প্রধান শিক্ষক মুক্তার হোসেন লস্কর সভার পৌরহিত্য করেন।

---

হাইলাকান্দি শহরের নিকটবর্তী নিশ্চিতপুর অঞ্চলের ৬ নম্বর জাতীয় সড়কে আজ এক মর্মান্তিক সড়ক দূর্ঘটনায় পিতা-পুত্রের মৃত্যু হয়েছে । আমাদের হাইলাকান্দির

সংবাদদাতা জানিয়েছেন যে দ্রুতগামী ডাম্পারের সঙ্গে বাইকের মুখামুখি সংঘর্ষে ঘটনা স্থলেই পিতা সালে আহমেদ ও পুত্র দানিশ আনজুম বড়ভুইয়ার মৃত্যু হয়েছে । দূর্ঘটনার প্রতিবাদে স্থানীয় জনগন ৬ নম্বর জাতীয় সড়ক অবরোধ করলে পুলিশ ও স্থানীয়দের মধ্যে কিছু সময়ের জন্য উত্তেজনার সৃষ্টি হয়েছিল । পরে পুলিশ সুপার লীনা দোলে ঘটনা স্থলে উপস্থিত হয়ে মৃতদের পরিবারকে উপযুক্ত ক্ষতিপূরন প্রদানের আশ্বাস দিলে সড়ক অবরোধ প্রত্যাহার করা হয় ।

---------------------------------------------------------------------------------------